ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭১৫
উদয়পুর, ৩ সেপ্টেম্বর, ২০২৫

**গোমতী জেলাভিত্তিক ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত**

উদয়পুরের রাজর্ষি হলে আজ গোমতী জেলাভিত্তিক রেড রিববন ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের সহযোগিতায় আয়োজিত এই জেলাভিত্তিক ক্যুইজ প্রতিযোগিতার উদ্বোধন করেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, এইচ আই ভি এবং এইডস'র কুফল সম্পর্কে মানুষকে সচেতন করতে হবে। এইডস কোন ছোঁয়াছুয়ি রোগ নয়, এইডস আক্রান্ত রোগীকে ভয় পেলে চলবে না, ঘৃণাও করা যাবে না।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন উদয়পুর পুর  পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার, মিশন ডিরেক্টর ডা. শঙ্খ শুভ্র দেবনাথ, স্কুল অফ সায়েন্স এর প্রিন্সিপাল অভিজিৎ ভট্টাচার্য প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন গোমতী জেলা শিক্ষা আধিকারিক কল্যাণ ভদ্র এবং সভাপতিত্ব করেন গোমতী জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. কমল রিয়াং। আজকের এই জেলাভিত্তিক ক্যুইজ প্রতিযোগিতায় জেলার ৫২টি স্কুল অংশগ্রহণ করেছে। এর মধ্যে ৮টি স্কুল মূল প্রতিযোগিতায় অংশ নেয়। এদের মধ্যে প্রথম হয়েছে ভগিনী নিবেদিতা গার্লস এইচ এস স্কুল। এই স্কুল রাজ্যভিত্তিক ক্যুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

******